

গ্রিল

পশুরা এখন থাকে উন্মুক্ত শহরে, আব গ্রিলের পিছনে
অবসম্ভ মানুষের ভীতি বসবাস
জুনে নেশবাতি, তবু রাজপথে ভেসে আছে কৃহেলিশীতল অঙ্কার।

নারী অপহরণের কান্না জাগে — ছায়াছায়া ফ্লাইওভার থেকে
ট্যাঙ্কি নেমে যায় দ্রুত — নিষীথ বাতাসে কিছু পশুগন্ধ রেখে !
দূরবর্তী গ্রামেগঞ্জে আছে আরও কত ক্ষয়, কত সর্বনাশ—

দিবালোকে রাহাজানি, দুঃসাহস, রৌদ্রালোকে প্রকাশ্য বাজারে
চকিত হিংসায় খুন — ছুরিবিদ্ধ লাশ — সব রয়ে গেছে রহস্য - আধারে।
পুলিশের কালোগাড়ি কিছুক্ষণ, তারপর মিছিলে উচ্ছ্বস—

প্রকৃত শান্তির দিকে কেউ নেই, শান্তি নিজে চলে গেছে বনে!
জনপদ্দশ্যে তাই রাত্তিম ত্রাস
গ্রিলের ভিতরে আছে দর্শক - পুতুল, যারা স্থিরছবি— অতি নির্বিকার।

শান্তুনাথ চট্টোপাধ্যায়

